দৈনিক ইনকিলাব

তারিখ 1 OCT 1987
পৃষ্ঠা 5 কলাম 3

160

# শিক্ষাঙ্গনে

## মাধবদী মহাবিদ্যালয়ের সমস্যা

নবগঠিত নরসিংদী জেলার মাধবদী বাবুরহাট প্রস্তাবিত উপজেলা, ঐতিহ্যপূর্ণ ও বাংলার ম্যানচেস্টার হিসেবে সর্বজনবিদিত। সর্বপ্রথম মাধবদীস্থ ঐতিহাসিক বাবুর বাড়ীতে এবং পরে তৎসংলগ্ন ছায়াসুনিবিড় এক মনোরম পরিবেশে মাধবদী মহাবিদ্যালয়টি স্থাপিত হয়। ১৯৭৩ সনে স্থানীয় কয়েকজন উৎসাহী গণ্যমান্য ব্যক্তির অক্লান্ত প্রচেষ্টায় এ মহাবিদ্যালয়টি প্রতিষ্ঠালাভ করে। বর্তমানে এ মহাবিদ্যালয়ের সর্বক্ষেত্রেই সমস্যা ও অভাবের চিহ্ন প্রকট। তন্মধ্যে শিক্ষক স্বল্পতা থেকে শুরু করে শ্রেণী কক্ষ, ছাত্রাবাস, খেলাধুলার সরঞ্জাম, লাইব্রেরী, শিক্ষা উপকরণসহ প্রয়োজনীয় যন্ত্রাদি, আসবাবপত্র, ছাত্র-ছাত্রী মিলনায়তন, শিক্ষকদের আবাসিক গৃহ সমস্যাই প্রধান। ছাত্রদের এ মহাবিদ্যালয়ে ভর্তি হয়ে এক মারাত্মক সমস্যার সম্মুখীন হতে হয়। মহাবিদ্যালয় সংলগ্ন কোন ছাত্রাবাস না থাকায় গ্রাম-গঞ্জ থেকে ৫/৬ মাইল পায়ে হেঁটে নিয়মিত ক্লাস করতে হয় বলে কেউ কেউ লজিং অথবা পেইং গেস্ট হিসেবে থাকতে বাধ্য হচ্ছে। বর্তমানে প্রায় সহস্রাধিক ছাত্র-ছাত্রীর জন্য ৫ কক্ষবিশিষ্ট একটি টিনের ঘরে ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। এক তলা ভবনের কাজ অল্প একটু এগিয়ে গেলেও আর্থিক সংকটের দরুন বর্তমানে নির্মাণ কাজ স্থগিত হয়ে আছে। খেলাধুলার পর্যাপ্ত সরঞ্জাম, পত্র-পত্রিকা, রেডিও-টিভিসহ চিত্তবিনোদনের জন্য কোন সুব্যবস্থা এ মহাবিদ্যালয়ে নেই।

খেলাধুলার প্রয়োজনীয় সরঞ্জাম ও আর্থিক সমস্যার সমাধান হলে ভবিষ্যতে এ মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে নিঃসন্দেহে কৃতিত্ব বয়ে আনতে পারবে।

আমরা এদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু কৃপা দৃষ্টি আকর্ষণ করছি।

—গাজী মোহাম্মদ ওহাব